

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল- ১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.abak-rdcd.gov.bd

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৯.০০৬.১৯.৫৩৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

অফিস আদেশ

আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা সমন্বয়কারী যৌথভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করছেন। উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট-এর সূত্রস্থ পত্র মারফত জানা যায় যে, উক্ত উপজেলায় অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত পল্লী উন্নয়ন কর্মকর্তা একাধিক উপজেলার দায়িত্বে থাকায় দাপ্তরিক কাজের পাশাপাশি প্রকল্পের কাজে পর্যাপ্ত সময় দিতে পারছেন না। ফলে প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

২। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কানাইঘাট, সিলেট উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমন্বয়কারী-কে যৌথভাবে প্রকল্পের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২৭-১১-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৯.০০৬.১৯.৫৩৭/১(৯)

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) জেলা প্রশাসক, সিলেট।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট।
- ৩) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সিলেট।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট।
- ৬) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।
- ৭) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, কানাইঘাট, সিলেট।

৯) অফিস নথি/সংশ্লিষ্ট নথি।



২৭-১১-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক